কুষ্টিয়ায় সততা সংঘের মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান

কুষ্টিয়ায় সততা সংঘের মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। মেধাবী শিক্ষার্থীদের সততাকে উৎসাহিত করার লক্ষ্যে এ বৃত্তি দেওয়া হয়েছে।

বুধবার সকালে এসব শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হয়। জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক) এ অনুষ্ঠান আয়োজন করে।

দুর্নীতি দমন কমিশন (দুদক) সমন্বিত জেলা কার্যালয় কুষ্টিয়ার (ভারপ্রাপ্ত) উপ নীল কমল পাল, কুষ্টিয়া জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ রমজান আলী আকন্দ, কুষ্টিয়া জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক এসএম কাদেরী শাকিল, কমিটির সদস্য শাহ নওয়াজ আনসারী মনজু ও সদস্য সরকার রফিকুল ইসলাম শাহীন, সাইফুল আলম মারুফসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, সততার শিক্ষাটা পরিবার থেকে শুরু করতে হবে। দুর্নীতি দমন কমিশন সততা সংঘের মেধাবী সদস্যদের বৃত্তি প্রদানের মাধ্যমে ক্ষুদে শিক্ষার্থীদের মধ্যে মূলত সততার বীজ বুনে দিচ্ছে। অনিয়ম দুর্নীতির প্রতি সোচ্চারে যাতে ক্ষুদে শিক্ষার্থীরাও উৎসাহী হয়, সেই উদ্দীপনা তৈরির জন্য এই বৃত্তি দেওয়া হচ্ছে।

২০২১-২০২২ অর্থবছরে ‘দুর্নীতি দমন কমিশন শক্তিশালীকরণ’ প্রকল্পের আওতায় সততা সংঘের মেধাবী শিক্ষার্থীদের সততাকে উৎসাহিত করার লক্ষ্যে কুষ্টিয়ার ৬ টি উপজেলায় সততা সংঘের ১২জন মেধাবী শিক্ষার্থীকে এ বৃত্তি দেওয়া হয়।

গাংনীতে ক্যান্সারে আক্রান্ত ২

জনকে প্রধানমন্ত্রীর দেওয়া অনুদানের চেক হস্তান্তর

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেছেন, গরীব অসহায় দুস্থ্য মানুষের কল্যাণে কাজ করছেন বর্তমান সরকার। অসহায় মানুষের দোয়ারে চিকিৎসার জন্য অনুদান পৌছে দিচ্ছেন বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কোনো মানুষ বিনা চিকিৎসায় যেনো কষ্ট না পান সে ব্যাপারে সব খোঁজ খবর রাখেন তিনি।

গাংনী উপজেলার বিভিন্ন এলাকার ক্যান্সার আক্রান্ত রোগীর পরিবারের মাঝে চেক বিরতণ কালে এসব কথা বলেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত ৫০ হাজার টাকা করে দুজনকে এক লাখ টাকার অনুদানের চেক বুধবার দুপুরের দিকে ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া গ্রামের মোছাঃ কমেলা খাতুন ও গাংনী পৌরসভার চৌগাছা গ্রামের ছুরমান আলীকে প্রদান করেন।

একই সময়ে গাংনী উপজেলার হিন্দা শহীদ মুক্তিযোদ্ধা আজিজুল হক স্মৃতি পাঠাগারের উন্নয়নেও প্রধানমন্ত্রীর দেওয়া পঞ্চাশ হাজার টাকার অনুদানের চেক প্রদান করেন। মুক্তিযোদ্ধা আজিজুল হক শহীদ স্মৃতি পাঠাগারের সভাপতি জিনারুল ইসলাম ও অন্যান্য সদস্যরা অনুদানের চেক গ্রহণ করেন। এসময় ধানখোলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলী আজগর উপস্থিত ছিলেন।

৯৯৯ থেকে কল পেয়ে মেহেরপুর শহর থেকে গৃহকর্মী উদ্ধার

মেহেরপুর শহরের বাসস্ট্যান্ড এলাকা থেকে মেঘনা (২৫) নামের এক গৃহকর্মীকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেছেন পুলিশ। গৃহকর্মী

মেঘনা খাতুন মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের পূর্বপাড়া এলাকার বিমল কুমারের মেয়ে।

৯৯৯ থেকে কল পেয়ে বুধবার বিকাল ৩ টা ১৫ মিনিটের সময় মেহেরপুর সদর পুলিশ ফাঁড়ির একটি টীম পুরাতন বাসস্ট্যান্ড এলাকা থেকে অজ্ঞান অবস্থায় তাকে উদ্ধার করে। পরে তাকে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

সদর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) কামাল হোসেন জানান, ৯৯৯ থেকে কল পেয়ে অজ্ঞান অবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর হাসপাতালে ভর্তি করেছি। কর্তব্যরত চিকিৎসক জানান তাকে শারীরিকভাবে নির্যাতন করা হয়েছে। তার চোখে আঘাতের চিহৃ রয়েছে বলে চিকিৎসক প্রাথমিকভাবে জানিয়েছেন। তবে বিকেল সাড়ে ৫ টার সময় ওই রোগীর জ্ঞান ফিরেছে বলেও চিকিৎসক জানান।

হাসপাতালে চিকিৎসাধীন মেঘনা জানান, আমি মেহেরপুর শহরের মুখার্জিপাড়া এলাকার সোহেল ও রিয়া দম্পত্তির বাড়িতে আয়া হিসেবে কাজ করি। গৃহকর্তা সোহেল আমাকে একা পেলেই কু-প্রস্তাব দেন। তার কু-প্রস্তাবে সাড়া না দেওয়ায় আমাকে বিভিন্নভাবে শারীরিক নির্যাতন করে। আজ সকালে আমাকে আবারও কু প্রস্তাব দেন গৃহকর্তা সোহেল। তার কু প্রস্তাবে সাড়া না দেওয়ায় সে আমাকে প্রচন্ড মারপিট করে। আমি অজ্ঞান হয়ে পড়লে আমাকে ফেলে রেখে যায়।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) মকলেছুর রহমান জানান, ওই নারীর শরীরের চোখের উপর ও শরীরে আঘাতের চিহৃ রয়েছে। তাকে চোখের চিকিৎসককে দেখানোর জন্য বলা হয়েছে।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) জুলফিকার আলী বলেন, বিষয়টি এখনো আমাদের থানায় আসেনি। খোঁজ খবর পেলে তদন্ত সাপেক্ষ ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে মাদক মামলায় এক ব্যাক্তির ৫ বছর কারাদন্ড

মেহেরপুর মাদক মামলায় ইব্রাহিম হোসেন নামের এক মাদক বিক্রেতাকে ৫ বছর সশ্রম কারাদন্ড ও ২৫ হাজার টাকা অর্থদন্ড অনাদায়ে আরও ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছেন বিচারক।

দন্ডিত ইব্রাহিম গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের আমিরুল ইসলামের ছেলে।

বুধবার বেলা দেড়টার সময় মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিজ্ঞ বিচারক ওয়ালিউল ইসলাম এ দন্ডাদেশ দেন।
একই মামলায় দোষী সাবস্ত্য না হওয়ায় হোগলবাড়িয়া গ্রামের তিনকোর আলীর ছেলে আতিয়ার রহমানকে বেখসুর খালাস দিয়েছে আদালত।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৮ সালের ৩ জুলাই দিবাগত রাত আনুমানিক ৯ টার দিকে গাংনী থানা পুলিশের সহকারী উপপরিদর্শক (এএসআই) জসিম উদ্দীন সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে হোগলবাড়িয়া গ্রামে অভিযান চালিয়ে ১০০ বোতল ফেনসিডিলসহ ইব্রাহিম ও আতিয়ারকে আটক করেন।

এঘটনায় ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৫বি(১)(বি) ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করেন পুলিশ। যার গাংনী থানার মামলা নং ৯, তারিখ ০৪/০৭/২০১৮ ইং।

মামলাটির স্বাক্ষীদের স্বাক্ষ্যতে ইব্রাহীম দোষী সাবস্থ্য হওয়ায় আদালত তাকে ৫ বছরের সাজা দেন। এছাড়া অপর আসামী আতিয়ার রহমান দোষী প্রমানীত না হওয়ায়তাকে বেখসুর খালাস দেন।

মামলায় সরকারী পক্ষে মেহেরপুর জজকোর্টের পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য এবং আসামী পক্ষে অ্যাডভোকেট মারুফ আহম্মেদ বিজন ও অ্যাডভোকেট রমজান আলী কৌশলী ছিলেন।

হরিণাকুণ্ডুতে তথ্য চাওয়ায় সাংবাদিককে হুমকি

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে তথ্য চাওয়ায় এক সাংবাদিককে হুমকি দেওয়া হয়েছে। কর্মরত সাংবাদিক জাফিরুল ইসলাম গতকাল মঙ্গলবার সেলিম আক্তার নাম হলেও সেলিমা আক্তার নামে এমপিও নিচ্ছেন এমন অভিযোগের ভিত্তিতে হরিণাকুণ্ডু উপজেলার প্রিয়নাথ স্কুল এন্ড কলেজে তথ্য জানতে গেলে অত ওই প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম আজ বুধবার সকালে প্রতিষ্ঠানে আসতে বলেন।

আজ বুধবার প্রিয়নাথ স্কুল এন্ড কলেজে গিয়ে প্রধান শিক্ষককে না পেয়ে মুঠোফোনে জানতে চাইলে তিনি বাইরে আছেন বলে জানান।

এসময় সাংবাদিক জাফিরুল ইসলাম চলে আসতে চাইলে ওই প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষক সেলিম আক্তার বলেন, কোথায় যাচ্ছিস তুই প্রতিষ্ঠানের বাইরে বের হতে পারবি না, উঠে দাড়িয়ে কথা বল। আমার বিরুদ্ধে জানতে চাওয়ার তুই কে। তোকে আজ সাংবাদিকতা শেখাবো। এসময় কর্তব্যরত সাংবাদিক জাফিরুল ইসলাম চলে আসতে চাইলে ওই প্রতিষ্ঠানের শিক্ষক আনোয়ার হোসেন তাকে বাধা দেন।

আবু সাইদ, আসাদুজ্জামান ওরফে বোরহানসহ বেশ কয়েকজন শিক্ষক তাকে অফিস কক্ষে আটকিয়ে রেখে বিভিন্ন প্রকারের হুমকি প্রদান করেন। প্রতিষ্ঠানের শিক্ষক সেলিম আক্তার এর ব্যাপারে সেলিম আক্তার থাক আর সেলিমা আক্তার থাক তাতে সাংবাদিক কেন জানাতে চাবে। আবার যদি কখনো আমার ব্যাপারে জানাজানির চেষ্টা করিস তাহলে তোর সাংবাদিকতা শেখাবো বলে হুমকি প্রদান করেন সেলিমা আকতার।

সাংবাদিক জাফিরুল ইসলামকে তথ্য প্রদানে বাধা দেওয়া এবং অফিস কক্ষে আটকিয়ে রেখে হুমকি প্রদান করায় জেলা উপজেলায় কর্মরত সাংবাদিকদের মাঝে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে।

এব্যাপারে হরিণাকুণ্ডু উপজেলা প্রেসক্লাব এক জরুরি সভা করে উক্ত ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। অফিস কক্ষে সাংবাদিক কে হুমকি প্রদানের ঘটনায় অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য জোর দাবি জানান সাংবাদিক নেতৃবৃন্দ।

জাফিরুল ইসলাম আনন্দ টিভি, দৈনিক আমাদের সময় ও বাংলাদেশ সমাচার

পত্রিকায় কর্মরত আছেন। এছাড়া তিনি হরিণাকুণ্ডু উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক।

মুজিবনগরে মেয়েকে সমকামীতা থেকে ছাড়াতে মায়ের অপহরণ মামলা, আটক এক

মেয়েকে সমকামিতা থেকে ফেরাতে তানিয়া খাতুন নামের অপর সমকামী ও তার বাবা মায়ের নামে অপহরণ মামলা করেছেন মা।

এই অপহরণ মামলার প্রধান আসামী তানিয়া খাতুন (২১) নামের এক নারীকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।
তানিয়া খাতুন মুজিবনগর উপজেলার গৌরীনগর গ্রামের মুবারক আলীর মেয়ে।

বুধবার সকালের দিকে মুজিবনগর থানা পুলিশের একটি দল তার বাড়িতে অভিযান চালিয়ে তানিয়া খাতুনকে গ্রেফতার করে আদালতে প্রেরণ করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত অফিসার (ওসি) রাসেল মেহেদী জানান, এ উপজেলার গৌরীনগর গ্রামের সানউল্লাহর স্ত্রী সোনাতন ভানু বাদী হয়ে অপহরণের অভিযোগ এনে একই গ্রামের তানিয়া খাতুন, তার পিতা মুবারক হোসেন ও মা আনোয়ারা খাতুনকে আসামী করে ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধিত) ২০০৩ এর ৭ ও ৩০ ধারায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ৮, তারিখ ২১/০৫/২০২২ ইং।

ওসি মেহেদী রাসেল বলেন, বাদী সোনাতন ভানুর মেয়ে সানজিদা সিনহা মিম ও আসামী তানিয়া খাতুন দুজনে মাঝে মধ্যে হারিয়ে যান। এনিয়ে এলাকায় তাদের দুজনকে সমকামী হিসেবে জনশ্রুতি তৈরী হয়েছে। এঘটনায় মিমের মা বাদী হয়ে এ মামলাটি করেন।

মেহেরপুর কোর্ট পরিদর্শক গোলাম মোহাম্মদ জানান, ভিকটিম সানজিদা সিনহা মিম ও আসামী তানিয়া খাতুনকে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (২য়) তরিকুল ইসলামের আদালতের নিলে তারা দুজনেই ২২

ধারায় জবান বন্দী দেন। জবানবন্দী শেষে ভিকটিম সানজিদা সিনহা মিমকে বয়স নির্ধারণের ডাক্তারী পরীক্ষাশেষে বাবা মায়ের হেফাজতে থাকার ও আসামী তানিয়া খাতুনকে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন।

কার্পাসপডাঙ্গার ছাগল চোর মিল্টন হোসেন এখন মেহেরপুরের শ্রীঘরে

হাড়ি পাতিলের ব্যবসার আড়ালে অভিনব কায়দায় ছাগল চুরি করতে গিয়ে শ্রীঘরে গেলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামের মিল্টন হোসেন (৩৬)।
মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের ছাগল চুরি করে পালানোর সময় গ্রামবাসি তাকে আটক করে উত্তম মাধ্যম শেষে তুলে দিলেন পুলিশে।

স্থানীয়রা জানান, মঙ্গলবার বিকালের দিকে গোভীপুর গ্রামের আলামিন হোসেনের একটি ছগল তার বাড়ির উঠানে বাঁধা ছিল। মিল্টন হোসেন পাখি ভ্যানে করে এলাকায় হাড়ি পাতিল বিক্রি করতে আসেন। বাড়িতে কেউ না থাকায় সুযোগ বুঝে ছাগলটি খুলে নিয়ে তার ভ্যানের হাড়ি পাতিলের মধ্যে লুকিয়ে রেখে পালানোর চেষ্টা করে। এসময় ছাগলটি চিৎকার দিলে স্থানীয়দের মধ্যে সন্দেহ হয়। পরে তার হাড়ি পাতিলের মধ্যে থেকে হাতপা বাঁধা ছাগলটি উদ্ধার করেন। পরে তাকে উত্তম মাধ্যম শুরু করে। খবর পেয়ে সদর থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে পৌছে তাকে উদ্ধার করে থানায় নেন।

মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) জুম্মান হোসেন বলেন, মিল্টন হোসেনের বিরুদ্ধে গোভীপুর গ্রামের আলামিন হোসেন বাদী হয়ে চুরির অভিযোগ এনে একটি মামলা দিয়েছেন। সে মামলায় আটক দেখিয়ে তাকে আজ সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে। তিনি বলেন, মিল্টন হোসেনকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ করলে সে ছাগল চুরির কথা স্বীকার করেছে।
মিল্টন হোসেন চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কাপার্সডাঙ্গা

মেহেরপুর শহরে রঞ্জন হালদারের আত্মহত্যা

মেহেরপুর শহরে রঞ্জন হালদার (৪০) নামের এক মাছ ব্যবসায়ী গলাই দঁড়ি দিয়ে আত্মহত্যা করেছেন।

রঞ্জন হালদার মেহেরপুর পৌরসভার ২ নং ওয়ার্ড হালদারপাড়া এলাকার নেন্টু হালদারের ছেলে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ বুধবার (২৯ জুন) সকালের দিকে মারা যান।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুলফিকার আলী এ তথ্য নিশ্চিত করেছেন।
নাম প্রকাশ না করার শর্তে প্রতিবেশীরা জানান, ঋণ ও প্রচুর দায় দেনায় জর্জিত ছিল রঞ্জন হালদার। বিভিন্ন এনজিও ঋণ এবং সুদ কারবারীদের কাছ থেকে টাকা নিয়ে পুকুর লিজ করে মাছ চাষ ও ব্যবসা চালাতেন রঞ্জন হালদার।

এনজিও ঋণ ও দায় দেনা শোধ করতে সে স্থানীয় সুদ কারবারীদের ফাঁদে পড়ে যায়। এখন এনজিও ঋণ ও সুদ কারবারীদের কাছে ৮/১০ লক্ষ টাকা ঋণি হয়ে পড়েছেন তিনি। এনজিও কিস্তি আর সুদের টাকা দিয়ে গিয়ে বিকারগ্রস্থ হয়ে পড়েছেন রঞ্জন হালদার। হতাশা আর ঋণ পরিশোধের ভয়ে গত ২৭ জুন দুপুরে নিজ ঘরের আড়ার সাথে গলাই ফাঁস দিয়ে আত্মহত্যা করেন।

রঞ্জন হালাদারের স্ত্রী শান্তনা হালদার জানান, টাকা পয়সার জন্য পাওয়নাদাররা তার কাছে বারবার টাকা চাইতে আসতো।

মেহেরপুরে পুলিশের নিয়মিত অভিযানে ৫ আসামী গ্রেফতার

মেহেরপুর পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৫ জন আসামী গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ২ জন ও নিয়মিত মামলার ৩ জন আসামী রয়েছে।

মেহেরপুর সদর থানা পুলিশ জিআর মামলায় পরোয়ানাভূক্ত ১ জন ও নিয়মিত মামলায় ১ জন, গাংনী থানা পুলিশ জিআর মামলায় পরোয়ানাভূক্ত ১ জন ও নিয়মিত মামলায় ১ জন ও মুজিবনগর থানা পুলিশ নিয়মিত মামলায় ১ জন আসামী গ্রেফতার করেছে।

মঙ্গলবার দিবাগত রাতভর জেলার বিভিন্ন স্থানে পৃথক অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করে।এসময় গাংনী ও সদর থানায় ২ টি মামলা এফঅইআর হয়েছে।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুলফিকার আলী ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)রাসেল মেহেদী অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (২৯ জুন) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে হাবিব ওয়েল ইন্ডাষ্ট্রিজ লিমিটেডের ভিত্তি

প্রস্তর স্থাপনের উদ্বোধন

মেহেরপুরে হাবিব ওয়েল ইন্ডাষ্ট্রিজ লিমিটেডের ভিত্তি প্রস্তর স্থাপনের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের বিএটি’র সামনে হাবিব ওয়েল ইন্ডাষ্ট্রিজ লিমিটেডের নিজস্ব জমিতে ভিত্তি প্রস্তর স্থাপনের উদ্বোধন করা হয়।

ডায়মন্ড অটো রাইচ মিল ও হাবিব ওয়েল ইন্ডাষ্ট্রিজ লিমিটেডের স্বত্বাধিকারী হাবিবুর রহমান হাবিব উপস্থিত থেকে ভিত্তি প্রস্তর স্থাপনের উদ্বোধন করেন।

উদ্বোধনকালে হাবিব বলেন, মূলত এটি একটি ব্রান ওয়েল মিল। এই তেলটি আমার যে ডায়মন্ড অটো রাইস মিল আছে সেখানকার ব্রান দিয়ে অর্থাৎ ধানের পালিশ (গুঁড়া) দিয়ে এখানে তেল উৎপাদিত হবে। এটি একটি কোলেস্টেরলমুক্ত ভোজ্য তেল। সয়াবিন তেলের চেয়ে এ তেল অনেক ভালো ও স্বাস্থ্যসম্মত। এই তেল যেমন স্বাস্থ্যসম্মত, তেমনি সাশ্রয়ীও।

এলাকায় তেল উৎপাদন হলে নিজ এলাকার মানুষ সহ সারা বাংলাদেশে তেলের ঘাটতি বা চাহিদা কমে আসবে। এটি ২শ টনের রাইস মিল তৈরী হলে এখানে প্রায় সাড়ে ৪শ থেকে ৫শ লোকের কর্মসংস্থান হবে। এখানে ওয়েল মিলটি তৈরী হলে অনেক সুবিধা হবে যেমন বেকাররা কাজের সুযোগ পাবে এবং যারা ভোজ্য তেল ব্যবহার করে তারা সস্থা দামে তেল পাবে।

এসময় জেলা মটর শ্রমিক ইউনিয়নের কার্যকরী সভাপতি নজরুল ইসলাম, জাতীয় শ্রমিক লীগ মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোস্তাফিজুর রহমান বাবুল প্রমুখ উপস্থিত ছিলেন। এসময় সেখানে দোয়া ও মোনাজাত করা হয়।